শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০১১.১৮-৬২৩

তারিখঃ ১২ অগ্রহায়ণ ১৪২৬ ব.
২৭ নভেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১৪০২১/২০১৭ মামলার ০৭/৮/২০১৮ তারিখের রায় স্থগিতকরণসহ উক্ত রায়ের বিরুদ্ধে মহামান্য আপীল বিভাগে আপীল দায়েরের নিমিত্ত গত ২৪/১০/১৯ তারিখে বিজ্ঞ সলিসিটর উইং বরাবর প্রেরিত পত্রের উপর কার্যক্রম গ্রহণের নিমিত্ত তাঁর দপ্তরের নিজস্ব আইনজীবী দ্বারা তদারকিপূর্বক গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র:
(১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৬.২৭.০০৩.১২-৫৪৩ তারিখ: ১৭/৯/২০১৫ খ্রি.
(২) ডিটিই'র স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯৪.৩১.৯৯১.১৫-৬১৫৭(ক) তারিখ: ২০/১২/২০১৫ খ্রি.
(৩) ডিটিই'র স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১-১৯-১৬৬৩, তারিখ: ২৪/১০/২০১৯ খ্রি.
(৪) ডিটিই'র স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১-১৯-১৬৮২, তারিখ: ০৩/১১/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলাধীন হাজী নাছির উদ্দিন কলেজ এর ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: আলীম (সহকারী অধ্যাপক-অর্থনীতি) এর তদন্তকরণসহ পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে উল্লিখিত ১৪ জন শিক্ষক-কর্মচারীর এমপিও স্থগিত করার জন্য ডিজি, মাউশিঅ-কে নির্দেশনা দিয়ে শিক্ষা মন্ত্রণালয় হতে সূত্রোক্ত (১) নং স্মারকমূলে পত্র জারি করা হয়।

০২। শিক্ষা মন্ত্রণালয়ের উক্ত নির্দেশনা অনুযায়ী হাজী নাছির উদ্দিন কলেজ এর বি.এম শাখার ০২ (দুই) জন শিক্ষক-কর্মচারীর {১। জনাব এস.এম মোজাম্মেল হক, প্রভাষক (বাংলা) ২। জনাব মো: মকবুল হোসেন, টাইপিং ল্যাব সহকারী} বেতন-ভাতা স্থগিত করে কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে সূত্রোক্ত (৩) নং স্মারকে পত্র জারী করা হয়। উক্ত পত্রের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে স্থগিতের তারিখ থেকে বকেয়া ও অন্যান্য চাকুরীগত সুবিধাদিসহ বেতনাদি প্রদানের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদানের দাবীতে প্রভাষক (বাংলা) এস.এম মোজাম্মেল হক (ইনডেক্স-৮৪৫৭৫৪) গং (০২ জন) কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-১৪০২১/২০১৭ দায়ের করা হয়।

০৩। উক্ত রিট পিটিশন নং-১৪০২১/২০১৭ মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক ০৭/০৮/২০১৮ তারিখে প্রদত্ত রায়/আদেশ নিম্নরূপ-

"Accordingly, the Rule is made absolute. The office order vides Memo No. 37.03.0000.094.31.0991. 15-6157(9) dated 20.12.2015 issued by the Director (MPO), Directorate of Technical Education (Respondent No 5) stopping the Monthly Payment Order (MPO) of the petitioner No. 1 in pursuant office order vide Memo No. 37.00.0000.066.27.003.12-543 dated 17.09.2015 (Annexure-E) is declared to be without lawful authority and is of no legal effect.

The respondents are directed to relese the MPO of the petitioner No. 1 with arrear and other service benefit, from the date of stopping the payment, within sixty (60) days from the date of receipt of a copy of this judgment and order in accordace with law."

০৪। উক্ত রায়ের আলোকে ১নং পিটিশনার এর বেতন-ভাতাদি স্থগিতকরণের তারিখ (২০/১২/২০১৫) হতে ছাড় করার জন্য উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কর্তৃক ডিজি, ডিটিই বরাবর আবেদন করা হয়। তৎপরবর্তীতে মহোদয়ের দপ্তর হতে রায় স্থগিতকরণসহ উক্ত রায়ের বিরুদ্ধে মহামান্য আপীল বিভাগে আপীল দায়েরের নিমিত্ত সূত্রোক্ত (৩) নং স্মারকমূলে প্রয়োজনীয় তথ্যাদিসহ বিজ্ঞ সলিসিটর, সলিসিটর উইং, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়। যা রায় ঘোষণার ৪৪১ দিন পর আপীলের জন্য প্রেরিত প্রস্তাব।

০৫। তথাপি রিট পিটিশন নং-১৪০২১/২০১৭ মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক ০৭/০৮/২০১৮ তারিখে প্রদত্ত রায়/আদেশ বাস্তবায়নের জন্য বর্ণিত প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আবেদনের ছায়ালিপি সংযুক্ত করে আবেদনটি বিবেচনা করার জন্য ডিটিই হতে সূত্রোক্ত (৪) নং পত্রের মাধ্যমে সচিব, টিএমইডি বরাবর প্রেরণ করা হয়েছে।

০৬। যেহেতু ডিটিই হতে রিট পিটিশন নং-১৪০২১/২০১৭ মামলার ০৭/৮/২০১৮ তারিখের রায় স্থগিতকরণসহ উক্ত রায়ের বিরুদ্ধে মহামান্য আপীল বিভাগে আপীল দায়েরের নিমিত্ত ডিটিই হতে সূত্রোক্ত (৩) নং স্মারকমূলে বিজ্ঞ সলিসিটর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। সেহেতু রিট পিটিশন নং-১৪০২১/২০১৭ মামলার ০৭/৮/২০১৮ তারিখের রায়ের নির্দেশনাটি বিবেচনা করার পূর্বে ডিটিই'র সূত্রোক্ত (৩) নং পত্রের উপর সলিসিটর উইং কর্তৃক গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি জানা আবশ্যক।

০৭। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৪০২১/২০১৭ মামলার ০৭/৮/২০১৮ তারিখের রায় স্থগিতকরণসহ উক্ত রায়ের বিরুদ্ধে মহামান্য আপীল বিভাগে আপীল দায়েরের নিমিত্ত ডিটিই হতে সূত্রোক্ত (৩) নং স্মারকমূলে বিজ্ঞ সলিসিটর বরাবর প্রেরিত পত্রের উপর জরুরিভিত্তিতে কার্যক্রম গ্রহণের নিমিত্ত তাঁর দপ্তরের নিজস্ব আইনজীবী দ্বারা তদারকিকরণ পূর্বক গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি আগামি ১০/১২/২০১৯ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

২৭/১১/১৯
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।

F:\Akram Work\Letter-2017-18.docx